**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস. আর. ও. নং-১৭৪-আইন/২০১৯/৩১-মূসক।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ **(**২০১২ সনের ৪৭ নং আইন**),** অত:পর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৩৫, ধারা ১২৬(১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার**,** Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর শিরোনামা সংখ্যা (Heading No.) 84.14 ও 84.18 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ (H.S. Code) কোডের আওতাধীন কলাম (3) এ বর্ণিত যথাক্রমে কম্প্রেসর, রেফ্রিজারেটর ও ফ্রিজারকে, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত এর স্থানীয় উৎপাদন পর্যায়ে এবং কম্প্রেসর, রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) ও সম্পূরক শুল্ক (যদি থাকে) হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**শর্তাবলি**

(ক) সংযোজনকারী প্রতিষ্ঠান ব্যতীত উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে;

(খ) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ হইতে উৎপাদক হিসেবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(গ) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মোল্ড ও ডাইস তৈরির প্লান্ট ও উহা তৈরীর সংশ্লিষ্ট মেশিনারী যেমন, Verticle Machining Centre (VMC), Electric Discharge Machine (EDM), Wire Cut Machine থাকিতে হইবে;

(ঘ) রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী প্রতিষ্ঠানে Poly Unrethane Faoming Plant, Powder Coating Plant, Injection Molding Machine, ETP Plant, Thermoforming Plant, Roller Forming Machine, Gasket, Making Plant, ABS & HIPS Sheet Co-Extruding Machine Line, Humidity & Temperature Testing Chamber, Moisturing Testing Machine, Salt Spray Testing Machine, Die Casting Machine, Hardness Testing Machine & Packing Unit থাকিতে হইবে;

(ঙ) কম্প্রেসর উৎপাদনকারী প্রতিষ্ঠানে Sand Moulding Machine, Induction Melting Furnace, Heat Treatment Furnace, Spectrometer, Upper Cover Press Machine, Lower Cover Press Machine, Crankshaft

Grinding Line, Crankcase Machining Line, Stator Line, Lamination Annealing Furnace, Dip Phosphating Line, Rotor Line, Life Testing Machine, Hemi-anechoic Chamber, CNC Coordinate Measuring Machine & Calorimeter থাকিতে হইবে;

(চ) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট-ক'** মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে কমপক্ষে ৩০ শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে;

(ছ) দফা (ক) হইতে দফা (চ) এ উল্লিখিত শর্তাদি প্রতিপালনপূর্বক উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে অব্যাহতির বিধান কার্যকরকরণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড, অতঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, এর নিকট আবেদন করিতে হইবে;

(জ) উক্ত আবেদনের ভিত্তিতে বোর্ড কর্তৃক গঠিত নিম্নে বর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে, যথা:-

**কমিটি গঠন:**

(১) দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড;
(২) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;
(৩) সংশ্লিষ্ট মূসক সার্কেলের রাজস্ব কর্মকর্তা;

(ঝ) দফা (জ) তে বর্ণিত কমিটি আবেদন প্রাপ্তির অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন বোর্ডে দাখিল করিবে এবং বোর্ড দাখিলকৃত প্রতিবেদনের শর্তাবলী যথাযথভাবে প্রতিপালিত হওয়া সাপেক্ষে প্রতিবেদন প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করিবে এবং বোর্ড উহা অনুমোদন করিলে অনুমোদনের তারিখ হইতে এই সুবিধা প্রদান করা হইবে।

৩। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে কোন উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৪। উল্লিখিত অনুচ্ছেদ-২ এর শর্তাদি পূরণ সাপেক্ষে অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ-৩ এর শর্ত পরিপালন করিতে ব্যর্থ হইলে এই অব্যাহতি সুবিধা বাতিল হইবে।

৫। এই প্রজ্ঞাপনের কার্যকারিতা ৩০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, ৩০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ তারিখের পূর্বে অব্যাহতি সুবিধা গ্রহণ করিয়া এই পণ্য উৎপাদনের ক্ষেত্রে যেই সকল উৎপাদনকারী প্রতিষ্ঠান-

(ক) ৭ (সাত) বৎসর বা তাহার অধিককাল মূসক অব্যাহতি ভোগ করিয়াছে;
(খ) ৫ (পাঁচ) বৎসর বা তাহার অধিককাল মূসক অব্যাহতি ভোগ করিয়াছে; এবং
(গ) ৩ (তিন) বৎসর বা তাহার অধিককাল মূসক অব্যাহতি ভোগ করিয়াছে;

সেই সকল প্রতিষ্ঠান কর্তৃক উক্ত পণ্য সরবরাহের ক্ষেত্রে ১ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ তারিখ হইতে যথাক্রমে ১০ (দশ) শতাংশ, ৭.৫ (সাড়ে সাত) শতাংশ ও ৫ (পাঁচ) শতাংশ হারে মূসক প্রদেয় হইবে।

## পরিশিষ্ট-ক

১। করদাতার নাম:
২। ঠিকানা:
৩। ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা:
৪। ঘোষণার তারিখ :

| ক্রমিক সংখ্যা | পণ্যের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS Code) | উৎপাদিত পণ্যের নাম ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ব্র্যান্ড নেম সহ) | সরবরাহ /বিক্রয়ের একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ/ কাঁচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ | একক পণ্য উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/কাঁচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ (অপচয়ের পরিমাণ প্রথম বন্ধনীর মধ্যে আলাদাভাবে উল্লেখ করিতে হইবে) | কলাম (৬) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমদানিকৃত হলে শুল্কায়নযোগ্য মূল্য+শুল্ক+ সম্পূরক শুল্ক+এলসি ফি+ অবকাঠামো উন্নয়ন সারচার্জ/ স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুল্কসহ মোট ক্রয়মূল্য (প্রদত্ত মসক ব্যতীত)/আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/ মূসক অব্যাহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য) | মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম | প্রতি একক পণ্য মূল্যে কলাম (৮) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমাণ | সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য (যদি বিবেচ্য পণ্যের উৎপাদন পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য থাকে) [কলাম (৭) ও (৯) এর যোগফল] | | কলাম (১১) এ প্রস্তাবিত মূল্যের উপর সম্পূরক শুল্কের পরিমাণ | মূসক আরোপযোগ্য মূল্য [কলাম (১১)+ কলাম (১২)] [বি:দ্র: যেক্ষেত্রে স্থানীয় পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য নয়সেক্ষেত্রে [কলাম (৭)+(৯)] | | শুল্ক ও করসহ বিক্রয়মূল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | বর্তমান | প্রস্তাবিত | | বর্তমান | প্রস্তাবিত | পাইকারী | মুদ্রিত খুচরা মূল্য (যদি থাকে) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) |
| | | | | | | | | | | | | | | | |

১। উক্ত টেবিলে প্রদত্ত তথ্যের সমর্থনে প্রমাণিক দলিলাদি এই ঘোষণা পত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।

২। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই প্রজ্ঞাপনে বর্ণিত অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে প্রদত্ত সকল তথ্য যথার্থ ও সত্য এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার এখাতিয়ারে আছে।

৩। মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে উল্লিখিত ঘোষণা অসংগতিপূর্ণ বা অসত্য প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে বোর্ড অব্যাহতি সুবিধা বাতিল করিতে পারিবে ও প্রযোজ্য কর পরিশোধযোগ্য হইবে।

তারিখ:

**নিবন্ধিত ব্যক্তি/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল**

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)**
**সিনিয়র সচিব**